

উপজেলা সমবায় অফিস, বগুড়া সদর, বগুড়া এর উদ্ভাবনী উদ্যোগ/ আইডিয়া-২০২৪-২৫

ক্র নং	সৃজনশীল ধারণা/ উদ্ভাবনী আইডিয়ার শিরোনাম	বাস্তবায়নকারী অফিসারের নাম	ধারণা উদ্যোগের সংক্ষিপ্ত বিবরণ	নম্বন্য
০১	০২	০৩	০৪	০৫
০১	সমবায় সমিতিতে জি-মেইল আইডি খোলা ও সঠিক মোবাইল নম্বর প্রাপ্তি নিশ্চিত করা এবং এর মাধ্যমে নিদ্রিষ্ট সময়ের পূর্বে এজিএম, অডিট নোটিশ এবং নির্বাচনের তারিখ অবহিতকরনের মাধ্যমে স্মার্ট সমবায় সমিতি গঠনে ভূমিকা পালন।	উপজেলা সমবায় অফিসার, বগুড়া সদর, বগুড়া এবং জেলা সমবায় অফিসার, বগুড়া।	সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ০২ ও ১৩) এর ১৭ (৩) ধারা অনুযায়ী বার্ষিক অডিট সম্পাদনের ৬০ (ষাট) দিনের মধ্যে সমিতির এজিএম বা বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠান করা এবং তার নোটিশ ১৫ দিন পূর্বে প্রেরন নিশ্চিত করার বিধান রয়েছে। আবার ব্যাবস্থাপনা কমিটির মেয়াদ সম্পাপ্ত হবার পূর্বেই নির্বাচনের ৬০ দিন পূর্বে নোটিশ প্রক্রিয়া শুরু করে নির্বাচন প্রক্রিয়া সমাপ্ত করার বিধান রয়েছে। উল্লেখিত বিষয় সমূহ সহ বার্ষিক অডিটের নোটিশ, তদন্তের নোটিশ, সংশোধনী প্রতিবেদন দাখিলের নোটিশ, পরিদর্শনের নোটিশ ইত্যাদি বিষয় সমূহ সমিতি কর্তৃপক্ষকে জানানোর জন্য জি-মেইল, মোবাইল নম্বরে এসএমস এর মত ডিজিটাল মাধ্যমে সময়ের পূর্বেই জানানো এবং এর মাধ্যমে স্মার্ট বাংলাদেশ গঠন।	-



৩০/১২/২৪
মোঃ সালাহ উদ্দিন সিদ্দিক
উপজেলা সমবায় অফিসার
বগুড়া সদর, বগুড়া।

উদ্ভাবনী ধারনার টিসিভি এনালাইসিস

প্রতিটা সমবায় সমিতিকে তাগাদা পত্র প্রেরণের মাধ্যমে তাদের জি-মেইল আইডি খোলা এবং সঠিক মোবাইল নম্বর সমবায় অধিদপ্তরে প্রেরণের বিষয়টি নিশ্চিত করার পর নিদ্রিষ্ট সময়ের পূর্বে সমিতির এজিএম ও নির্বাচনের তারিখ বা সময়সীমা এসএমএস বা মেইলের মাধ্যমে সমিতি কর্তৃপক্ষকে অবহিত করা হলে তা হবে স্মার্ট সমবায় অঞ্চল গড়ে তোলার এক যুগান্তকারী পদক্ষেপ। নিদ্রিষ্ট সময়ের মধ্যে এজিএম অনুষ্ঠান, নির্বাচন করা, অডিট সহ অন্যান্য বিষয় সমূহ সমিতি কর্তৃপক্ষের অনেক সময় মনে থাকেনা। বিষয় তাদের জি-মেইল ঠিকানায় বা মোবাইল নম্বরে এসএমএস প্রেরণের মাধ্যমে সমিতি কর্তৃপক্ষকে এজিএম, নির্বাচন, অডিট সহ অন্যান্য বিষয়ের সময়সীমা আগেই অবহিত করলে সমিতি কর্তৃপক্ষ সঠিক সময়ে সেগুলো অনুষ্ঠিত করে আবার সেই জি-মেইলের মাধ্যমেই সমবায় দপ্তরকে অবগত করতে পারবে। এর ফলে সমবায় সমিতি আইন ও বিধিমালায় যথযথভাবে প্রতিফলন হবে।

৪. প্রস্তাবিত উদ্যোগ ও আইডিয়া বাস্তবায়নের ফলে প্রত্যাশিত ফলাফল / উপকারিতাঃ

নিদ্রিষ্ট সময়ের পূর্বে এসএমএসের মাধ্যমে সমিতি কর্তৃপক্ষকে অডিট, এজিএম, নির্বাচনের তারিখ বা সময়সীমা অবগত করা হলে নিম্নলিখিত সেবা সমূহ সহজীকরণ হবে।

১. প্রতিবছর সমিতি কর্তৃপক্ষ সঠিক সময়ে অডিটের নোটিশটি দ্রুত হাতে পাবে।
২. সমিতি কর্তৃপক্ষ নিদ্রিষ্ট সময়ের মধ্যে এজিএম ও নির্বাচন অনুষ্ঠানে আগ্রহী হবে।
৩. সমিতির সদস্যগণ তাদের পছন্দমত ব্যবস্থাপনা কমিটি নির্বাচন করতে পারবে।
৩. এজিএম ও নির্বাচন অনুষ্ঠানে উৎসবমুখর পরিবেশ সৃষ্টি হবে।
৪. সমবায় কার্যালয় হতে সমিতি কর্তৃপক্ষকে প্রদানযোগ্য বিভিন্ন পত্র দ্রুত পৌছানো সম্ভব হবে।
৫. সর্বপরি সমবায় সমিতি ও বিধি সঠিক সময়ে বাস্তবায়নে এই উদ্যোগ বা উদ্ভাবনী আইডিয়াটি যুগান্তকারী পদক্ষেপ হিসাবে পরিগণিত হবে।

উদ্ভাবনী ধারনার প্রসেস ম্যাপঃ

উদ্যোগটির বাস্তবায়ন কার্যধারা নিম্নরূপঃ

সমিতিতে জি-মেইল আইডি খোলা ও মোবাইল নম্বর প্রাপ্তির জন্য বিশেষ তাগাদা পত্র প্রেরণ।



সমিতির নামে আলাদা জিমেইল আইডি সহ ব্যবস্থাপনা কমিটির সদস্যদের জিমেইল আইডি প্রাপ্তির উপর গুরুত্ব আরোপ।



জি-মেইল আইডি খোলা ও মোবাইল নম্বর প্রাপ্তি এবং এর সঠিকতা নিশ্চিত করন।



সমিতির জি মেইল আইডি ও মোবাইল নম্বরে নিয়োগিত এজিএম, নির্বাচন, অডিট সহ অন্যান্য বিষয়ের সময়সীমা সময় শেষ হবার পূর্বেই অবগত করার বিষয় অব্যবহ রাখা।



যে সকল সমবায় সমিতি জি-মেইল আইডি ব্যবহার করবে না এবং সঠিক মোবাইল নম্বর সরবরাহ করবে না সেই সকল সমিতির নিবন্ধন নম্বর বাতিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা।

৩০/১২/২৪

মোঃ সালাহ উদ্দিন সিদ্দিক
উপজেলা সমবায় অফিসার
বগুড়া সদর, বগুড়া।

